

# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 21 June, 2025

ইসরায়েলের সঙ্গে চলমান সংঘাতের মধ্যেই ইরানে ভূমিকম্প অনুভূত হয়েছে। স্থানীয় সময় শুক্রবার দেশটির উত্তরাঞ্চলে ৫ দশমিক ১ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হেনেছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস)।

ইউএসজিএস জানিয়েছে, ভূমিকম্পটি ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার (৬ মাইল) গভীরে এবং ইরানের সেমানান শহর থেকে প্রায় ৩৭ কিলোমিটার (২৩ মাইল) দক্ষিণ-পশ্চিমে সংঘটিত হয়। তবে বার্তা সংস্থা তাসনিম ভূমিকম্পের মাত্রা ৫ দশমিক ২ বলে জানিয়েছে। খবর এএফপি ও ডেইলি এক্সপ্রেসের

ভূতাত্ত্বিক জরিপ সংস্থা জানায়, ইরানের কোম প্রদেশে অবস্থিত ফর্দো পারমাণবিক স্থাপনার কাছাকাছি ভূমিকম্পটি আঘাত হানে।

ভূমিকম্পের প্রভাব রাজধানী তেহরান পর্যন্ত পৌঁছায়। ভূমিকম্পের উপকেন্দ্র ছিল সেমানান শহর। এটি তেহরান থেকে প্রায় ১৪৫ মাইল পূর্বে। কম্পনের তীব্রতা হালকা ছিল এবং এ পর্যন্ত কোনো ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

বিপ্লবী গার্ডের পরীক্ষা চালানোর গুঞ্জন

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে এ ভূমিকম্প ঘিরে নানা গুঞ্জন ছড়িয়ে পড়েছে। একজন ইরানি ব্লগারের টেলিগ্রাম চ্যানেলে ইঙ্গিত দেওয়া হয়, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) হয়তো কোনো কিছু ‘পরীক্ষা’ করছিল। তবে এ দাবি এখনো নিশ্চিত নয় বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম মিরর ইউএস।

ইরানের প্রধান গণমাধ্যমগুলো ভূমিকম্পের খবর দিলেও ‘পরীক্ষা’ নিয়ে কিছু জানায়নি। বিভিন্ন সংবাদমাধ্যম কেউ ৫ দশমিক ২ মাত্রা, কেউবা ৫ দশমিক ৫ মাত্রার ভূমিকম্প হয়েছে বলে উল্লেখ করেছে।

তেহরানে কম্পন অনুভূত হওয়ার কথা নিশ্চিত করেছে স্থানীয় সংবাদমাধ্যমগুলো। ভূমিকম্পপ্রবণ অঞ্চলে অবস্থানের কারণে ইরানে এমন কম্পন নতুন কিছু নয়।

একই সময় ইরানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে একটি ইসরায়েলি ক্ষেপণাস্ত্র হামলার ঘটনাও ঘটেছে বলে জানিয়েছে স্থানীয় ও আঞ্চলিক সংবাদমাধ্যমগুলো। ইসরায়েলি সংবাদমাধ্যম ওয়াইনেটনিউজ ডটকম জানিয়েছে, দক্ষিণ-পশ্চিমের বেহমাই প্রদেশে ‘মাগার’ নামের একটি ইরানি বিমান প্রতিরক্ষা স্থাপনায় হামলা চালানো হয়েছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:55

URL: <https://www.timestodaybd.com/public/international/3522775807>